গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫।

নং- ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.১২-৭২০

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৩ বঃ
২২ মে, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সরকারী ও বেসরকারী সকল প্রতিষ্ঠান, হাসপাতাল, অফিস আদালত, শপিং মল, কমিউনিটি ক্লিনিক, ব্যাংক ও বীমা সহ সকল প্রতিষ্ঠানে ব্রেস্ট ফিডিং কর্ণার প্রতিষ্ঠা করা প্রসঙ্গে।**
সূত্রঃ স্মারক নং-৬৬৩৭/বিবিএফ/এডিমিন/১৬,তারিখঃ ১৮.০১.২০১৬ খ্রিঃ, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন ১৯৮৯ সাল থেকে সারা দেশব্যাপী শিশুকে মায়ের দুধ খাওয়ানো ও সঠিক সময়ে শিশুর খাবার এবং মায়ের পুষ্টির পক্ষে প্রচারণা, সুরক্ষা এবং সহায়তার জন্য কাজ করে আসছে। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০০৯, ২০১০, ২০১১ ও ২০১৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিটি অফিস আদালত, শপিংমল, ব্যাংক, বীমা, হাসপাতাল, সরকারী সকল প্রতিষ্ঠান, আধা সরকারী সকল প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ পানের সু-ব্যবস্হা, ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা করা এবং প্রতিটি কমিউনিটি ক্লিনিক, হাসপাতালে পূর্ব তৈরীকৃত ব্রেস্টফিডিং কর্ণারগুলো সচল করা এবং নতুন করে কর্ণার স্হাপনের ব্যবস্হা করা সহ মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়নে যুগান্তকারী বিভিন্ন নির্দেশনা দেন।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি আদালত ভবনে একটি ব্রেস্টফিডিং কর্ণার স্হাপন করা যেখানে মায়েরা কাজের ফাঁকে ফাঁকে তার শিশুকে একান্ত নিরিবিলিভাবে মায়ের দুধ খাওয়াতে পারবেন। এজন্য প্রতিটি আদালত ভবনে ব্রেস্টফিডিং কর্ণার স্হাপনের জন্য বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন এর পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করেছেন।

০৩। এমতাবস্হায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি আদালত ভবনে একটি ব্রেস্টফিডিং কর্ণার স্হাপন করার প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন হতে প্রাপ্ত পত্র ও তৎসংযুক্ত কাগজাদির ফটোকপি এতদসঙ্গে প্রেরণ করা হল।

২২/৫/১৬
(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্র:)
ফোন-৯৫৭৭৪২০ (অ:)

কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ--- ( বিচারিক আদালতসমূহকে অবহিত করণের অনুরোধসহ)।
৩। মহানগর দায়রা জজ,-- ( বিচারিক আদালতসমূহকে অবহিত করণের অনুরোধসহ)।
৪। বিভাগীয় স্পেশাল জজ-
৫। বিশেষ আদালত,----
৬। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল,
৭। বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--
৮। বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী আপরাধ দমন ট্রাইব্যুনাল,--
৯। বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। বিচারক, সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১১। বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১২। চেয়ারম্যান, কোর্ট অব সেটেলমেন্ট/ শ্রম আদালত/ নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।
১৩। সদস্য, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪। বিচারক, পরিবেশ আদালত, ঢাকা/ চট্টগ্রাম।
১৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---
১৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
১৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০। অতিঃসচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , আইন ও বিচার বিভাগ।
২১। যুগ্ম-সচিব (প্রঃ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২২। উপ-সচিব (প্রঃ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৩। বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন,আইপিএইচ, রুম নং ১৯৭-২০০ (নিচতলা), মহাখালী, ঢাকা-১২১২।

BANGLADESH BREASTFEEDING FOUNDATION
বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন
Protection, Promotion and Support of Breastfeeding

স্মারক নং: ৬৬৩৭/বিবিএফ/এডমিন/১৬ তারিখ: ১৮.০১.২০১৬ইং

উপ (প্রঃ২)
২০/০১/১৬

বরাবর

১১৪৬
২০/১/১৬

সচিব
আইন ও বিচার বিভাগ
ভবন নং-০৪, কক্ষ নং-৭২৫
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সরকারী ও বেসরকারী সকল প্রতিষ্ঠান, হাসপাতাল, অফিস আদালত, শপিং মল, কমিউনিটি ক্লিনিক, ব্যাংক ও বীমা সহ সকল প্রতিষ্ঠানে ব্রেস্ট ফিডিং কর্ণার প্রতিষ্ঠা করা প্রসঙ্গে

জনাব,

আপনি অবগত আছেন যে, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন ১৯৮৯ সাল থেকে সারা দেশব্যাপী শিশুকে মায়ের দুধ খাওয়ানো ও সঠিক সময়ে শিশুর খাবার এবং মায়ের পুষ্টির পক্ষে প্রচারণা, সুরক্ষা এবং সহায়তার জন্য কাজ করে আসছে। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০০৯, ২০১০, ২০১১ ও ২০১৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিটি অফিস আদালত, শপিং মল, ব্যাংক, বীমা, হাসপাতাল, সরকারী সকল প্রতিষ্ঠান, আধা সরকারী সকল প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ পানের সু-ব্যবস্থা, ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠ করা এবং প্রতিটি কমিউনিটি ক্লিনিক, হাসপাতালে পূর্ব তৈরীকৃত বেস্টফিডিং কর্ণার গুলো সচল করা এবং নতুন করে কর্ণার স্থাপনের ব্যবস্থা করা সহ মাতৃ ও শিশু পুষ্টি উন্নয়নে যুগান্তকারী বিভিন্ন নির্দেশনা দেন (সংযুক্তি-১)।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি আদালত ভবনে একটি ব্রেস্টফিডিং কর্ণার স্থাপন করা যেখানে মায়েরা কাজের ফাকে ফাকে তার বাচ্চাকে একান্ত নিরিবিলিভাবে মায়ের দুধ খাওয়াতে পারবেন। এজন্য আপনার আওতাভুক্ত প্রতিটি আদালত ভবনে ব্রেস্টফিডিং কর্ণার স্থাপনের জন্য বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন এর পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ জানাই।

উল্লেখ্য, ব্রেস্টফিডিং কর্ণার প্রতিষ্ঠার জন্য বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন থেকে প্রয়োজনীয় সকল সরঞ্জামাদি ও সঠিকভাবে পরিচালনার জন্য প্রশিক্ষণ প্রদান করা হবে।

আইন ও বিচার বিভাগ
উপ-সচিব (প্রঃ২) এর দপ্তর
১. সিনিয়র সহকারী সচিব ৫/৬/৭/৮
২. সহঃ প্রধান
৪. আইসিটি সেল
ডাইরী নং: ৫৭৬
তারিখ: ২১/১/১৬
স্বাক্ষর:
☐ উপস্থাপন করুন
☐ নিষ্পত্তি করুন
☐ আলোচনা করুন
☐ ব্যবস্থা নিন
☐ প্রতিবেদন করুন
☐ নথিভুক্ত করুন

২৫/০১/১৬

ধন্যবাদান্তে,

ড. এস. কে. রায়
চেয়ারপারসন, বোর্ড অব ট্রাষ্টীজ
বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

Institute of Public Health (IPH), Room # 197-200 (Ground Floor), Mohakhali, Dhaka-1212, Bangladesh, Phone: 880-2-9860801, 8831134
Mobile: 01943-220587, Fax: 880-2-9860801, E-mail: skroy1950@gmail.com, info@bbf-bangladesh.org; Website: www.bbf-bangladesh.org
ইনস্টিটিউট অব পাবলিক হেলথ, রুম # ১৯৭-২০০ (নীচতলা), মহাখালী, ঢাকা-১২১২, বাংলাদেশ। ফোনঃ ৮৮০-২-৯৮৬০৮০১, ৮৮৩১১৩৪; মোবাইলঃ ০১৯৪৩-২২০৫৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ৩০.৩৯.১৭.০০.০০.০৫.২০০৯-৬৬

তারিখ ০৮পৌষ ১৪১৬ বাংলা
২২ ডিসেম্বর ২০০৯ খ্রিঃ

বিষয় ঃ বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ -২০০৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/ঘোষণা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ০২-০৮-২০০৯ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনের আয়োজনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ -২০০৯ উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত ঘোষণা দেন ঃ

১. অফিস আদালত, শপিং মল,ব্যাংক, বীমা, হাসপাতাল,সরকারী ও আধা সরকারী সকল প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ পানের সু-ব্যবস্থা এবং ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা করা;

২. শিশুদের মাতৃদুগ্ধ ও উপযুক্ত সম্পুরক খাবার ও মায়ের পুষ্টি সর্ম্পকে কার্যক্রম জোরদার করার লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনকে একযোগে কাজ করা;

৩. মাতৃত্বকালীন ছুটির মেয়াদকাল ৪ থেকে ৬ মাসে বৃদ্ধি করা( বেতনসহ ৪ মাস ইচ্ছে করলে বিনা বেতনে আরো ২ মাস);

৪. বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনকে একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা;

৫. আগামী বছর থেকে ১-৭ আগস্ট জাতীয় মাতৃদুগ্ধ সপ্তাহ হিসেবে সরকারীভাবে পালন করা;

৬. দেশের প্রতিটি বিদ্যালয় ও হাসপাতালে শিশু মনোবিজ্ঞানী নিয়োগপূর্বক শিশুর মেধা ও মানসিক বিকাশের ব্যবস্থা করা;

২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত উক্ত ঘোষণা/প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আইন ও বিচার বিভাগ
উপ-সচিব (প্রঃ২) এর দপ্তর
১. সিঃসঃসচিব ৫/৬/৭/৮
২. সহঃ প্রধান
৩. আইসিটি সেল
ডাইরী নং
তারিখ
স্বাক্ষরঃ
☐ উপস্থাপন করুন
☐ নিস্পত্তি করুন
☐ আলোচনা করুন
☐ ব্যবস্থা নিন
☐ প্রক্রিয়া করুন
☐ নথিভুক্ত করুন

(মোঃ শওকত আকবর)
পরিচালক-২ (উন্নয়ন ও সমন্বয়)
ফোনঃ ৮১৫১৩১২ (অঃ)
ই-মেইলঃ dirdcc2@pmo.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
ডাইরী নং
তারিখ

অবগতির জন্য অনুলিপি ঃ
১. চেয়ারম্যান, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন, মমতাজমহল, বাড়ী নং-৪৭৩,রোড নং-৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ২৯.৩৯.১৭.০০.০০.০৫.২০০৯- ১৫৭ তারিখ ২৪ ফাল্গুন ১৪১৭
০৮ মার্চ, ২০১১

বিষয় ঃ বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০১০ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিকনির্দেশনা ও বাস্তবায়ন।
সূত্র ঃ ৪৭৪১/বিবিএফ/এডমিন/১১ তারিখঃ ২৪/২/২০১১ইং

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী সমীপে দাখিলকৃত ২৪-০২-২০১১ তারিখের পত্রটি সদয় অবগতি ও যথাযথ বিবেচনার জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৮/৩/২০১১

(মো: শওকত আকবর)
পরিচালক-১ (উন্নয়ন ও সমন্বয়)
ফোন- ৮১৫১৩১২
ই-মেইলঃ dirdcc1@pmo.gov.bd

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ
চেয়ারম্যান,
বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন
মমতাজমহল, বাড়ী নং-৪৭৩,
রোড নং-৩১, নিউডিওএইচএস
মহাখালী, ঢাকা।

# BANGLADESH BREASTFEEDING FOUNDATION
# বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন
Protection, Promotion and Support of Breastfeeding

স্মারক: ৪৭৪১/বিবিএফ/এডমিন/১১ তারিখ: ২৪/০২/১১

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা-১২১৫

বিষয়: বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০১০ উদ্বোধনী অনুষ্ঠানে আপনার দপ্তর দিকনির্দেশনা ও বাস্তবায়ন প্রসঙ্গে।

মাননীয় মহোদয়
আসসালামু আলাইকুম।

বাংলাদেশে সরকারীভাবে প্রথমবারের মতো অনুগ্রহপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী আপনি গত ৪ আগস্ট ২০১০, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্বমাতৃদুগ্ধ সপ্তাহ'১০ উদ্বোধনপূর্বক পুনরায় এদেশের শিশু ও মাতৃস্বাস্থ্যের উন্নয়নে এক নতুন দিগন্তের উন্মোচন করে আমাদের সকলকে চিরকৃতজ্ঞতায় আবদ্ধ করেছেন। এ জন্য আপনার সরকার ও আপনাকে বিশেষ ভাবে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আপনার প্রজ্ঞা ও একটি সমৃদ্ধশালী দেশ গঠনে শিশু পুষ্টি তথা জাতীয় উন্নয়নে আপনার নেতৃত্বে আমরা নিবেদিত প্রাণকর্মীরা উক্ত অনুষ্ঠানে আপনার প্রদত্ত বক্তব্যের দিক নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য আপনার দপ্তরের সদয় আবেদন জানাচ্ছি। আপনার যুগান্তকারী সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন হলে এদেশে মাতৃমৃত্যু, শিশুমৃত্যু ও অপুষ্টি অচিরেই দূরীভূত হবে বলে আশা করি।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ১,৪,৫ অর্জনের দ্রুতগতি নিশ্চিত করতে জন্মের পর থেকে সফলভাবে শিশুকে মাতৃদুগ্ধপান ও উপযুক্ত বাড়তি খাবার খাওয়ানোর সহায়তা, মাতৃ স্বাস্থ্যসহ সকল চিকিৎসা ব্যবস্থা উন্নয়নে আপনার ভাষণের নিম্নলিখিত মূল্যবান দিকনির্দেশনা সমূহের সকল বিভাগীয় দপ্তরে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি।

১. প্রতিটি কমিউনিটি ক্লিনিক, হাসপাতালে পূর্ব তৈরীকৃত ব্রেস্টফিডিং কর্ণার গুলো সচল করা এবং নতুন করে ব্রেস্টফিডিং কর্ণার স্থাপনের ব্যাবস্থা করা।
২. এদেশের সকল হাসপাতাল, স্বাস্থ্য কমপ্লেক্স এবং ক্লিনিক গুলোকে শিশুবান্ধব হাসপাতাল হিসাবে ও যেসব হাসপাতাল শিশুবান্ধব রয়েছে সেগুলোকে শক্তিশালী করার প্রয়োজনীয় ব্যবস্থা করা।
৩. দেশের প্রতিটি হাসপাতালে একজন করে পুষ্টিবিদ নিয়োগ করার ব্যাবস্থা করা।
৪. ২০১০ সালে বিশ্বস্বাস্থ্য সম্মেলনে গৃহিত প্রস্তাবসহ শিশুখাদ্য ও পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সবকটি প্রস্তাবের আলোকে বিকল্প শিশু খাদ্য বিপণন ১৯৮৪ অধ্যাদেশটি সংশোধন ও সঠিক বাস্তবায়নের ব্যাবস্থা করা।

মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়, আপনার সুনির্দিষ্ট সিদ্ধান্তের দিকনির্দেশনা সমূহ আশু বাস্তবায়নের জন্য সবিনয় আবেদন জানাচ্ছি।

আপনার একান্ত অনুগত

ড. এস. কে. রায়
এমবিবিএস, এমএসসি-পুষ্টি (লন্ডন), ডিপ- ইন-বায়োটেক (ইউএনইউ), পিএইচডি (লন্ডন), এফআরসিপি (এডিনবরা)
চেয়ারপারসন, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন (বিবিএফ) এবং
সিনিয়র সাইনটিস্ট, আইসিডিডিআরবি, মোবাইল: ০১৮২১৯৯৮৮৬৫

সংযুক্তি: বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ'২০১০ এর উদ্বোধনী ভাষণ এর ভিডিও থেকে নেওয়া খসড়া কপি।



"Momtaz Mahal" House # 473, Road # 31 (1st Floor), New DOHS, Mohakhali, Dhaka - 1206, Bangladesh, Phone : 880-2-9860801, 8813734
Mobile : 01711-592944, 01714-323855, Fax : 880-2-9860801, E-mail : info@bbf-bd.org, Web Site : www.bbf-bd.org
"মমতাজ মহল" বাড়ী-৪৭৩, রোড-৩১ (২য় তলা), নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬। ফোন: ৮৮০-২-৯৮৬০৮০১, ৮৮১৩৭৩৪ মোবাইল: ০১৭১১-৫৯২৯..৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ...০৩.০৭০.০২৭.০১.০০.০১৭.২০১০-৩৮(৩)

তারিখ ...২৭ পৌষ ১৪১৮......
১০ জানুয়ারি ২০১২

বিষয়ঃ বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০১১ উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ দিক্ নির্দেশনা বাস্তবায়নের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জনাব ড. এস কে রায়-এর ১৫/১২/২০১১ তারিখের আবেদনপত্রটি সংযুক্তিসহ এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। এ বিষয়ে বিধিমোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তি : ০৫ পাতা।

১০/০১/২০১২
(ডা. বায়জীদ খুরশীদ রিয়াজ)
পরিচালক
☎-৮১৫১৩০৬; 🖷-৯১২৩৬১৬
ই-মেইল : dir3@pmo.gov.bd

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়।

অনুলিপি (সংযুক্তিসহ) :

১. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২. ড. এস কে রায়, চেয়ারপারসন, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন, মমতাজ মহল, বাড়ি নং-৪৭৩, রোড নং-৩১ (১ম তলা), নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

D:\My Document\Mohiuddin,AO\MOHFW\Aplication_Letter_2011-12.doc\15

# BANGLADESH BREASTFEEDING FOUNDATION
# বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন
Protection, Promotion and Support of Breastfeeding

স্মারক: ৪৮৫৯/বিবিএফ/এডমিন/১১ তারিখ: ১৫/১২/১১

প্রধানমন্ত্রীর কার্যালয়
ডাক গ্রহণ ও বিতরণ শাখা
প্রাপ্তির স্বাক্ষর.............
তারিখঃ.............
সময়ঃ.............

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা-১২১৫

বিষয়: বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০১১ উদ্বোধনী অনুষ্ঠানে আপনার সহৃদয় দিকনির্দেশনা ও বাস্তবায়ন প্রসঙ্গে।

মাননীয় মহোদয়
আসসালামু আলাইকুম।

বাংলাদেশে সরকারি ভাবে দ্বিতীয়বারের মতো অনুগ্রহপূর্বক মাননীয় প্রধানমন্ত্রী আপনি গত ৭ আগস্ট ২০১১, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্বমাতৃদুগ্ধ সপ্তাহ'১১ উদ্বোধনপূর্বক পুণরায় এদেশের শিশু ও মাতৃস্বাস্থ্যের উন্নয়নে এক নতুন দিগন্তের উন্মোচন করে আমাদের সকলকে চিরকৃতজ্ঞতায় আবদ্ধ করেছেন। এ জন্য আপনার সরকার ও আপনাকে বিশেষ ভাবে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আপনার প্রজ্ঞা ও একটি সমৃদ্ধশালী দেশ গঠনে শিশু পুষ্টি তথা জাতীয় উন্নয়নে আপনার নেতৃত্বে আমরা নিবেদিত প্রাণকর্মীরা উক্ত অনুষ্ঠানে আপনার প্রদত্ত বক্তব্যের দিক নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য আপনার দপ্তরের সদয় আবেদন জানাচ্ছি। আপনার যুগান্ত কারী সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন হলে এদেশে মাতৃমৃত্যু, শিশুমৃত্যু ও অপুষ্টি আরো দ্রুত দুরীভূত হবে বলে আশা করি।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ১,৪,৫ অর্জনের দ্রুতগতি নিশ্চিত করতে জন্মের পর থেকে সফলভাবে শিশুকে মাতৃদুগ্ধপান ও ঘরে তৈরী উপযুক্ত বাড়তি খাবার খাওয়ানোর সহায়তা, মাতৃ স্বাস্থ্যসহ সকল চিকিৎসা ব্যবস্থা উন্নয়নে আপনার ভাষণের নিম্নলিখিত মূল্যবান দিকনির্দেশনা সমূহের সকল বিভাগীয় দপ্তরে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি।

১. প্রত্যেকটি অফিস, আদালত, ব্যাংক, বীমা, সরকারী, আধাসরকারী, প্রতিষ্ঠান, শপিংমল, বাস বা নৌযান স্টেশনসহ সবজায়গায় যেন একটা জায়গা নির্দিষ্ট থাকে সেখানে বসে কোন মা ইচ্ছা করলেই তার বাচ্চাকে যেন সুন্দর ভাবে দুধ খাওয়াতে পারেন এজন্য ব্রেস্টফিডিং কর্ণার স্থাপনের ব্যাবস্থা করা।

২. বেসরকারী খাতেও মাতৃত্বকালীণ ছুটির মেয়াদকাল ৬ মাস করার জন্য বেসরকারী খাতের মালিকদের অনুরোধের প্রয়োজনীয় ব্যবস্থা করা।

মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়, আপনার সুনির্দিষ্ট সিদ্ধান্তের দিকনির্দেশনা সমূহ আশু বাস্তবায়নের জন্য সবিনয় আবেদন জানাচ্ছি।

আপনার একান্ত অনুগত

ড. এস. কে. রায়
চেয়ারপারসন
বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন (বিবিএফ)

সংযুক্তিঃ বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ'২০১১ এর উদ্বোধনী ভাষণ এর ভিডিও থেকে নেওয়া খসড়া কপি।

"Momtaz Mahal" House # 473, Road # 31 (1st Floor), New DOHS, Mohakhali, Dhaka - 1206, Bangladesh, Phone : 880-2-9860801, 8813
Mobile : 01711-592944, 01943-220587, Fax : 880-2-9860801, E-mail : info@bbf-bd.org, Web Site : www.bbf-bd.
"মমতাজ মহল" বাড়ী-৪৭৩, রোড-৩১ (২য় তলা), নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬। ফোন ঃ ৮৮০-২-৯৮৬০৮০১, ৮৮১৩৭৩৪ মোবাইলঃ০১৯৪৩-২২০